



## রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ শঠিবাড়ী, রংপুর।

মোবাইলঃ ০১৭৬৯৪০০৭৫৫

ই-মেইলঃ rangpurpbs1@yahoo.com

ওয়েবসাইটঃ www.pbs1.rangpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৫৫৮.৫১৪.০২.০০৮.২১. ৪১৬

তারিখঃ ২৪ শ্রাবণ, ১৪২৮বঙ্গাব্দ  
০৮ আগষ্ট, ২০২১ খ্রিস্টাব্দ

### “নিয়োগ বিজ্ঞপ্তি”

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ “কাজ নাই মজুরী নাই” ভিত্তিতে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালনের শর্তে সম্পূর্ণ অস্থায়ীভাবে “বিলিং সহকারী” পদে জনবল নিয়োগের প্যানেল তৈরীর নিমিত্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিম্নবর্ণিত ছকে রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা, মহিলা নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ছকে পদ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করা হলো।

ক্রঃ নং	পদের নাম	শূন্য পদের সংখ্যা	আবেদনের সময়সীমা ও প্রার্থীর বয়স	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মজুরী	যে উপজেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১	বিলিং সহকারী “কাজ নাই মজুরী নাই” (মহিলাদের জন্য সংরক্ষিত)।	১৫ (পনের) টি (নিয়োগ প্রদানকালীন পদ সংখ্যা কম/বেশী হতে পারে)।	০৯/০৮/২০২১খ্রিঃ হতে ১৮/০৮/২০২১খ্রিঃ পর্যন্ত বয়সঃ ১৮/০৮/২০২১ খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	(ক) এসএসসি বা সমমান ও এইচ এসসি বা সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে। (খ) প্রার্থীর কম্পিউটারে ও গাণিতিক বিষয়ে ভাল জ্ঞান থাকতে হবে। (গ) প্রার্থীকে কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০টি ও ইংরেজিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।	দৈনিক ৮০০.০০ (আটশত) টাকা।	রংপুর জেলার মিঠাপুকুর, পীরগঞ্জ ও পীরগাছা উপজেলা এবং গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ ও সাদুল্লাপুর উপজেলার শুধুমাত্র মহিলা স্থায়ী বাসিন্দা প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

### অন্যান্য শর্তাবলীঃ

- নির্ধারিত আবেদন ফর্ম(ভার্সন-০১) রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট [www.pbs1.rangpur.gov.bd](http://www.pbs1.rangpur.gov.bd) হতে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। আবেদন ফর্ম A-4 সাইজের কাগজে হতে হবে।
- নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে আবেদন করলে প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদন ফর্মটি আবেদনকারীকে স্বহস্তে পূরণ করতে হবে।
- নির্ধারিত আবেদন ফর্মটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে “প্রযোজ্য নয়” উল্লেখ করতে হবে।

